

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১ শাখা]



নম্বর: ০৮.০১.০০০০.০১১.০১.০৯৯.২৪.

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

জনাব প্রদীপ কুমার দে, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা এর জন্ম তারিখ: ১৪/১১/১৯৬৫ খ্রিঃ মোতাবেক তাঁর বয়স ১৩/১১/২০২৪ খ্রিঃ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় সরকারি চাকুরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১) (ক) অনুযায়ী চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্টসহ ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ-

(মোঃ আহসান উল্লাহ)  
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নম্বর: ০৮.০১.০০০০.০১১.০১.০৯৯.২৪. ৫৮-২(২)

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

- কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পর্ক বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- জনাব প্রদীপ কুমার দে, রাজস্ব কর্মকর্তা, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

স্বাঃ-

(মোঃ আহসান উল্লাহ)  
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।